
# Chapter Four | Article

কিছু Adjective আছে যেগুলো Determiner হিসেবে Noun এর আগে বসে Noun কে Qualify করে। এরকম কিছু Determiner হলো Articles.

**Article এর প্রকারভেদঃ**



### A ও An এর ব্যবহারঃ

1. সাধারণত শব্দের শুরুতে Consonant থাকলে তার পূর্বে a এবং Vowel (a, e, i, o, u) থাকলে তার পূর্বে an বসে।

**Examples:**

| | |
|---|---|
| A pencil | An elephant |
| A cup | An octopus |

2. যদি শব্দের প্রথম অক্ষর h থাকে এবং তা যদি উচ্চারিত হয় তবে তার পূর্বে a বসে এবং h উচ্চারিত না হলে তার পূর্বে an বসে।

**Examples:**

| | |
|---|---|
| A hen | An honest opinion |

3. O দিয়ে গঠিত সমস্ত শব্দের পূর্বে an বসে। শুধুমাত্র One যুক্ত শব্দের পূর্বে a বসে।

**Examples:**

| | |
|---|---|
| An orange | A one-man army |
| An octopus | A one-taka note |

4. সংক্ষিপ্ত শব্দের (Abbreviation) প্রথম অক্ষর Vowel এর মত উচ্চারিত হলে তার পূর্বে an বসে।
কিন্তু সংক্ষিপ্ত শব্দের (Abbreviation) প্রথম অক্ষর Consonant এর মত উচ্চারিত হলে তার পূর্বে a বসে।

**Examples:**

| | |
|---|---|
| An M.B.B.S. | A B.A. |
| An M.A. | A B.Sc. |

**Other uses of A and An:**

1. এক জাতীয় সকলকে বুঝাতে Singular Common Noun এর পূর্বে Indefinite Article (a/an) বসে। একে Generalising A বা An বলে।

**Examples:**
A fish is a water animal.
An ant is very hard-working.

2. নির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তুকে না বুঝিয়ে যে কোন একজন ব্যক্তি বা একটি বস্তুকে বুঝায় এমন Noun এর পূর্বে Indefinite Article (a/an) বসে।

**Examples:**
My friend is a good person.
I will have a coffee.

3. The same (একই), a certain(কোন এক) ইত্যাদি অর্থ প্রকাশ করতে Singular Common Noun এর পূর্বে a/an বসে।

**Examples:**
There lived an old man.
They are members of a family.

4. Plural Noun এর পূর্বে few, little, good many, lot of, great many, good deal ইত্যাদি ব্যবহৃত হলে তাদের পূর্বে a বসে।

**Examples:**
We have a lot of guests.
A good deal of writers come to this book stores.

**Other uses of A and An:**

5. সংখ্যাবাচক Expression যেমনঃ couple, dozen, score(20), hundred, thousand, million এর পূর্বে a বসে।

**Examples:**
I will buy a couple of books.
He brought a dozen clothes with him.

6. Exclamation বুঝাতে what, how, such ইত্যাদির পর a বা an বসে।

**Examples:**
What a beautiful bird!
Such a pretty sight!

7. কিছু কিছু Phrase এর পূর্বে a/an বসে।

**Examples:**
Costs an arm and a leg
In a nutshell

8. Singular Common Noun এর পূর্বে quite, many, rather, but, more, not ব্যবহৃত হলে সে Noun এর পূর্বে a/an বসে।

**Examples:**
Fahad is quite a doctor.
Many a man have visited this place.

9. Adjective এর পূর্বে so, too থাকলে এদের পরে a/an বসে।
**Examples:**
Copper is so useful a metal.

## Other uses of A and An:

10. তুলনা অর্থে Proper Noun যখন Common Noun হিসেবে ব্যবহৃত হয় তখন এর পূর্বে a/an বসে।

**Example:**
You are an Emily Dickens.

11. Abstract noun যখন  Common Noun রূপে ব্যবহৃত হয় তখন তার পূর্বে a/an বসে।


**Example:**
She is such a beauty.

12. Many এবং such এর পরে  Singular Common Noun ব্যবহৃত হলে এর পূর্বে a/an বসে।

**Example:**
You will never find such a friend.

13. Mr/Mrs/Miss এর পূর্বে a বসে।

**Example:**
A Mr. Fahim helped me in the case.



**Omission of A/An:**

1. খাবারের (meals) পূর্বে a/an বসে না।
তবে খাবারের (meals) পূর্বে Adjective বসলে a/an বসে।
**Example:**
We had a good meal.
Reaching there, we had breakfast.

2. Plural noun এর পূর্বে a/an বসে না।
**Example:**
I had three sisters.

3. Uncountable noun হিসেবে গণ্য advice, information, news, baggage, luggage ইত্যাদির পূর্বে a/an বসে না।
**Example:**
I have important information on this topic.

4. Water, milk, oil, ink, hydrogen, tea, paper ইত্যাদি Uncountable Noun এর পূর্বে a/an বসে না। তবে Uncountable Noun এর সঙ্গে কিছু measure words যোগ করা হলে তাদের পূর্বে a/an বসে।

**Example:**
You should drink milk everyday.
Have a glass of milk..

5. Abstract noun এর পূর্বে a/an বসে না।
তবে Abstract noun এর পূর্বে Adjective বসলে a/an বসে।

**Example:**
Truthfulness is a great virtue.

## Uses of Definite Article: The

1. নির্দিষ্ট করে বুঝায় এমন Common Noun এর Singular ও Plural উভয় Number এর পূর্বে the বসে।

**Example:**
The boy is writing a letter.
The children are playing in the ground.

2. এক জাতীয় সকলকে বুঝাতে Singular Common Noun এর পূর্বে the বসে। একে Generalising The বলে।
**Example:**
The mango is a sweet fruit.

3. নদী, সাগর, উপসাগর, মহাসাগর, পর্বতশ্রেণী, দ্বীপপুঞ্জ, জাহাজ ইত্যাদি নামের পূর্বে the বসে। কিন্তু একটি মাত্র পর্বত বা দ্বীপ বুঝালে তার পূর্বে The বসে না।

**Example:**
The Andamans, The Himalayas, The Bahamas
Mount Everest, Hatiya

4. ধর্মগ্রন্থ ও পত্রিকার নামের পূর্বে The বসে।
**Example:**
The Quran, The Bible
The New York Times

5. একক বস্তু যেমনঃ পৃথিবী, সুর্য, চন্দ্র, পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ ইত্যাদি শব্দের পূর্বে the বসে।

**Example:**
The sun, The moon, The south

## Uses of Definite Article: The

6. বর্ণনামূলক বা অর্থপূর্ণ ভৌগোলিক নামের পূর্বে the বসে।

**Example:**
The U.S.A., The U.A.E

7. Musical instruments এর নামের পূর্বে the বসে।

**Example:**
The flute, The piano, The guitar

8. তারিখের নামের পূর্বে the বসে।

**Example:**
The 13$^{th}$ of November

9. Possessive Adjective এর পরিবর্তে Common Noun এর ক্ষেত্রে the ব্যবহৃত হয়।

**Example:**
I got hurt on the arm.

10. জাতি ও সম্প্রদায়ের নামের পূর্বে the বসে।

**Example:**
The Muslims, The rich, The British, The German

11. Superlative Degree এর Adjective এর পূর্বে the বসে।
**Example:**
He is the best player of the team.
Nazmul is the tallest of the three.

BCS PRELI    10 MINUTE SCHOOL

## Uses of Definite Article: The

12. দুইয়ের মধ্যে তুলনা বুঝাতে Adjective এর Comparative Degree এর পূর্বে the বসে।

**Example:**
Maliha is the better of the two leaders.

13. যত তত বুঝাতে Adverb রূপে ব্যবহৃত Comparative Degree এর পূর্বে the বসে।

**Example:**
The bigger, the better.

14. যে সকল Noun দ্বারা বৃত্তি বা পেশা বুঝায় সেই Noun এর পূর্বে the বসে।

**Example:**
My brother will join the army.

15. Ordinal Number যখন অক্ষর দ্বারা লেখা হয় তখন তার পূর্বে the বসে।

**Example:**
King Henry the sixth, George the second.

16. Common Noun বা Adjective যখন Abstract idea বুঝায় তখন Common Noun বা Adjective এর পূর্বে the বসে।

**Example:**
The mother rose in her.

## Uses of Definite Article: The

17. একই গুণসম্পন্ন দুই ব্যক্তি বা বস্তুর সহিত তুলনা করা হলে যার সাথে তুলনা করা হয় তার পূর্বে the বসে।
**Example:**
Fahim is the Messi of Bagerhat.

18. Material Noun এর পুর্বে the বসে না। তবে কোন নির্দিষ্ট স্থানের বা নির্দিষ্ট প্রকারের পদার্থ বুঝালে Material Noun এর পূর্বে the বসে।

**Example:**
The rice of Barishal is very famous.

20. Proper Noun এর পূর্বে Adjective থাকলে উক্ত Adjective এর পূর্বে the বসে।
**Example:**
Alexandar the great won the battle.

21. Singular designation (পদবী/উপাধি) এর পূর্বে the বসে।
**Example:**
The President, The Prime Minister

22. Plural পরিবারের নামের পূর্বে the বসে।

**Example:**
The Vikings, The Sheikhs, The Syeds.

23. সংখ্যা প্রকাশক যে Word একটা Unit অর্থে বসে তার পূর্বে the বসে।
**Example:**
She bought oranges by the dozen.

## Omission of Definite Article: The

1. বিখ্যাত গ্রন্থের ক্ষেত্রের লেখকের নাম গ্রন্থের পূর্বে থাকলে the বসে। কিন্তু লেখকের নাম পূর্বে না থাকলে the বসে।

**Example:**
The Hamlet by Shakespeare or Shakespeare's Hamlet.

2. Bed, mosque, church, hospital, prison, school, college, university, court ইত্যাদি স্থানগুলো যদি সাধারণ অর্থে ব্যবহৃত হয় বা পরিদর্শন করা হয় তখন এদের পূর্বে the বসে না।

**Example:**
I went to school yesterday.

উপরোক্ত স্থানগুলো যখন বিশেষ উদ্দেশ্যে পরিদর্শন করা হয় বা ব্যবহৃত হয় তখন তার পূর্বে the বসে।

**Example:**
I went to the college to meet my sister.

3. Home এর পূর্বে যদি descriptive word বা phrase না থাকে তাহলে তার পূর্বে the বসে না। কিন্তু home শব্দটির পূর্বে descriptive word বা phrase থাকে তাহলে the বসে।

**Example:**
I will go home. This is the ancestral home.

4. ঋতুর নামের পূর্বে the বসালেও চলে না বসালেও চলে।
**Example:**
I do not like summer.
My favorite season is the winter.

## Omission of Definite Article: The

5. রাস্তা এভিনিউ, স্কয়ার, পার্কের নামের পূর্বে the বসে না। কিন্তু রাস্তার নামের শেষে road শব্দটির উল্লেখ থাকলে তার পূর্বে the বসে।

**Example:**
I will visit Botanical Garden tomorrow,
Turn left from the Kemal Ataturk Road.

6. সাধারণত Proper, Abstract, Material ও Plural Common Noun এর পূর্বে the বসে না। কিন্তু Plural Common Noun নির্দিষ্ট করে বুঝালে তার পূর্বে the বসে।

**Example:**
Dhaka is a crowded city.

7. সম্বোধন পদরূপে ব্যবহৃত Common noun এর পূর্বে the বসে না।

**Example:**
Students, today we will take a surprise test.

8. ভাষার নামের পুর্বে the বসে না। কিন্তু ভাষার পরে Language শব্দটি থাকলে উক্ত ভাষার পূর্বে the ব্যবহৃত হয়।

**Example:**
English is an international language.
The English language is necessary for you to get the job.

9. হ্রদের নামের পূর্বে the বসে না।

**Example:**
Lake Baikal, Lake Kaptai

## Omission of Definite Article: The

10. রোগের নামের পূর্বে the বসে না।
**Example:**
He has a fever.

11. দিন বা মাসের নামের পূর্বে the বসে না।
**Example:**
Today is Sunday.

12. Factitive verb যেমনঃ nominate, elect, select, make, appoint, crown, choose প্রভৃতি verb গুলোর Compliment এর পূর্বে Article বসে না।
কিন্তু Compliment টি নির্দিষ্ট করে বুঝালে তার পূর্বে the বসে।

**Example:**
We elected him president.

13. Allah or God এর নামের পূর্বে Article বসে না।
**Example:**
Allah is almighty.

14. Possessive Case এর পরে কোন Noun থাকলে তার পূর্বে the বসে না।

**Example:**
This is my table.

15. ভ্রমন সম্পর্কিত যানবাহন বা ভ্রমণ পথের পূর্বে Article বসে না।

**Example:**
I have travelled by bus.

## Repetition of Article

1. দুই বা ততোধিক Adjective যদি একই Noun কে Qualify করে তখন প্রথম  Adjective টির পূর্বে  Article বসে।

**Example:**
I have a new and fast bi-cycle.

2. কিন্তু দুই বা ততোধিক Adjective যদি একই Noun কে Qualify না করে ভিন্ন ভিন্ন Noun কে Qualify করে, তাহলে প্রত্যেকটির পূর্বে a/an বসে।

**Example:**
Shimanto has a black and a blue shirt.

3. দুটি Noun and দ্বারা যুক্ত হয়ে একই ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করলে প্রথম Noun টির পূর্বে the বসে। কিন্তু যদি Noun দুটি দ্বারা ভিন্ন ভিন্ন ব্যক্তি বা বস্তু বুঝায় তাহলে উভয় Noun এর পূর্বে the বসে এবং তখন Verb Plural হয়।

**Example:**
The teacher and guest was present in the event
The teacher and the guest were present in the event.

4. Singular Noun এর পূর্বে দুই বা ততোধিক Adjective থাকলে ইহাদের প্রত্যেকটির পূর্বে the বসে। কিন্তু Noun টি Plural হলে শুধু প্রথম Adjective টির পূর্বে the বসে।

**Example:**
I studied the first and second chapters of the book.
I studied the first and the second chapter of the book.

## Repetition of Article

5. অনেক সময় Article প্রয়োগে অর্থের পরিবর্তন হয়ে যায়। যেমনঃ Few বলতে খুব কম সংখ্যক বুঝায়।
A few বলতে অল্প সংখ্যক বুঝায়
The few বলতে খুব অল্প সংখ্যক তবে সবগুলা বুঝায়।

**Example:**
I have a few books.
I have few books.
I have the few books.

6. Little বলতে সামান্য পরিমাণ বুঝায়। A little বলতে সামান্য পরিমাণ বুঝায় এবং the little বলতে সামান্য পরিমাণ তবে তার সবটুকু বুঝায়।

**Example:**
I have a little money.
I have little money.
I have the little money.

12. তুলনা বুঝাতে দুটি Noun যদি একই ব্যক্তিকে নির্দেশ করে তাহলে প্রথম Noun টির পূর্বে Article বসে। কিন্তু Noun দুটি যদি দুটি ভিন্ন ব্যক্তিকে নির্দেশ করে, তবে প্রত্যেকটি Object এর পূর্বে Article বসে।

**Example:**
Rimi is a better singer than dancer.
Rimi is a better singer than a dancer.